



UK Government

## ইমার্জেন্সি অ্যালার্টস সিস্টেম সংক্রান্ত তথ্যপত্র

### আসন্ন জাতীয় পরীক্ষা

যুক্তরাজ্যের ইমার্জেন্সি অ্যালার্টস সিস্টেমটি 7 সেপ্টেম্বর 2025 তারিখে রবিবার প্রায় 1500 ঘটিকায় (বিকাল 3:00 টা) জাতীয়ভাবে পরীক্ষা করা হবে। আরো তথ্যের জন্য, [gov.uk/alerts](http://gov.uk/alerts) ভিজিট করুন।

### ইমার্জেন্সি অ্যালার্টস সম্পর্কে

ইমার্জেন্সি অ্যালার্টস সিস্টেম জনগণকে তাদের মোবাইল ফোন ও ট্যাবলেটের মাধ্যমে যোগাযোগ করতে সক্ষম করে তোলে যদি তাদের জীবন কোনো আপৎকালীন ঝুঁকিতে থাকে। সিস্টেমটি মারাত্মক বন্যার মতো জীবনসংশয়ের কারণ হতে পারে এমন আপৎকালীন পরিস্থিতি সম্পর্কে আপনাকে সাবধান করার জন্য ব্যবহার করা হবে।

ইমার্জেন্সি অ্যালার্টস জীবনসংশয়ের কারণ হতে পারে এমন আপৎকালীন পরিস্থিতিতে 4G ও 5G মোবাইল ফোন এবং ট্যাবলেটে পাঠানো মেসেজ। শুধুমাত্র গভর্নমেন্ট এবং আপৎকালীন সার্ভিসগুলোই এগুলো পাঠাতে পারে। আপনি [gov.uk/alerts](http://gov.uk/alerts) ওয়েবসাইটে গিয়ে কোনো অ্যালার্ট আসল কিনা পরীক্ষা করে দেখতে পারবেন। ইমার্জেন্সি অ্যালার্টসের জন্য কোনো ব্যক্তিগত তথ্যের প্রয়োজন হয় না (যেমন আপনার টেলিফোন নম্বর, পরিচয় অথবা অবস্থান)। ইমার্জেন্সি অ্যালার্টস একমুখী এবং গভর্নমেন্টকে কোনো ফিডব্যাক দেয় না।

আপৎকালীন পরিস্থিতি সম্পর্কে গভর্নমেন্টের জনসাধারণের সাথে যোগাযোগ করার অনেক উপায়ের মধ্যে একটি হবে ইমার্জেন্সি অ্যালার্টস। তাই যদি আপনার কাছে মোবাইল ফোন না থাকে, তাহলেও চিন্তা করবেন না - মিডিয়া এবং লোকাল ইমার্জেন্সি সার্ভিসগুলোর মাধ্যমে তখনও আপনাকে সচেতন করা হবে।

একটি ইমার্জেন্সি অ্যালার্টকে অন্যান্য ধরনের মেসেজ যেমন এসএমএস 'টেক্সট মেসেজ' থেকে খুব আলাদা দেখায় ও শোনায়। আপনি ইমার্জেন্সি অ্যালার্ট পেলে তা জানতে পারবেন কারণ আপনি একটি উচ্চ আওয়াজের সাইরেন শুনতে পাবেন এবং আপনার ফোনটি একটি স্বতন্ত্র কম্পন ব্যবহার করবে। আপনার স্ক্রিনের একটি মেসেজ আপনাকে আপৎকালীন অবস্থা এবং আপনাকে কী করতে হবে সেই সম্পর্কে জানাবে। আপনার ফোনের বৈশিষ্ট্যের উপর নির্ভর করে, অ্যালার্টটি স্ক্রিন ম্যাগনিফিকেশনের মাধ্যমে কাজ করবে এবং ভলিউম সেটিংস ওভাররাইড করে হলেও আপনার জন্য মেসেজটি পড়ে শোনাতে পারতে পারে। যারা হিয়ারিং অ্যাইড ব্যবহার করেন তাদের জন্যও ফোন থেকে নির্গত অনন্য শব্দটি শ্রবণযোগ্য হওয়ার কথা।



## UK Government

যদি আপনি একটি অ্যালার্ট পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে মেসেজটি মনোযোগ সহকারে পড়ুন এবং নির্দেশাবলী মেনে চলুন। যদি আবার একটি পেয়ে থাকেন, তাহলে এগুলো দেখতে কেমন এবং অনুভূতি কেমন হয় অনুগ্রহ করে তা মনে রাখবেন।

আপনি ইমার্জেন্সি অ্যালার্টস থেকে অ্যালার্ট পাওয়া বাদ দিতে পারবেন, তবে, আমরা দৃঢ়ভাবে সুপারিশ করছি যে এগুলো যেন চালু রাখা হয়, কেননা সিস্টেমটিকে যখন জীবন বিপদের মধ্যে থাকে তখন আপনাকে সাবধান করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। যদি আপনি অ্যালার্ট পাওয়া বাদ দিতে চান, তবে আপনার সেটিংসে গিয়ে 'ইমার্জেন্সি অ্যালার্টস' খুঁজে বের করুন এবং ইমার্জেন্সি অ্যালার্টস বন্ধ করুন। যদি এটি কাজ না করে, তাহলে অনুগ্রহ করে আপনার ডিভাইস প্রস্তুতকারকের সাথে যোগাযোগ করুন। আরো পরামর্শের জন্য [gov.uk/alerts/opting-out](https://gov.uk/alerts/opting-out) ভিজিট করুন।

### গাড়িচালকদের জন্য সাবধানতা

গাড়ি অথবা মোটরসাইকেল চালানোর সময় **অবশ্যই** মোবাইল ফোন হাতে ধরে রাখবেন না। এটি করা বেআইনি। গাড়ি চালানোর সময় যদি আপনি কোনো অ্যালার্ট পান, সেক্ষেত্রেও আপনার ফোনটি তুলে নেবেন না এবং মেসেজটি নিয়ে কাজ করার চেষ্টা করবেন না। আপনার গাড়ির উপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ রেখে, স্বাভাবিকভাবে গাড়ি চালানো অব্যাহত রাখুন। যদি আপনার ফোনটি দেখার প্রয়োজন হয়, সেক্ষেত্রে প্রথমে আপনাকে একটি নিরাপদ ও আইনত বৈধ জায়গা খুঁজে বের করতে হবে যেখানে আপনি গাড়িটি থামিয়ে রাখতে পারবেন।